

120679



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-১৯৩/ ২২০৫

তারিখ: ১৩.০৯.২০২০খ্রিঃ

বিষয়: কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার খানসামা উপজেলাধীন সাকোরপাড়া আকবর আলী শাহ আলিম মাদ্রাসার অধ্যক্ষ এডহক কমিটি থাকাকালীন সভাপতি মনোনয়নসহ ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য অনলাইনে আবেদন করেন। নথি পর্যালোচনায় দেখা যায়, মাদ্রাসাটি আলিম ১ম বর্ষ পাঠদানের অনুমতিপ্রাপ্ত, বোর্ড কর্তৃক অদ্যাবধি উক্ত মাদ্রাসার আলিম স্তরের পাঠদানের অনুমতি বাতিল/স্থগিত করা হয়নি। আলিম স্তরে উন্নিত হওয়ার বিষয়টি গোপন করে মাদ্রাসার অধ্যক্ষ ম্যানেজিং কমিটি কেন গঠন করেছেন সে বিষয়ে ব্যাখ্যা চাওয়া হলে অধ্যক্ষ লিখিতভাবে জানান যে, কাম্য শিক্ষার্থী না থাকায় ও নানাবিধ সমস্যার কারণে আলিম স্তরের কার্যক্রম স্থগিত আছে। বোর্ড কর্তৃক মাদ্রাসার আলিম স্তরের পাঠদানের অনুমতি বাতিল/স্থগিত না করা পর্যন্ত আলিম শ্রেণির কার্যাদি স্থগিত রাখা মাদ্রাসা কর্তৃপক্ষের এখতিয়ার বহির্ভূত।

বর্ণিত অবস্থায় বিনা অনুমতিতে আলিম স্তরের কার্যক্রম বন্ধ রাখা এবং তথ্য গোপন করে আলিম স্তর বাদ দিয়ে দাখিল স্তরে ম্যানেজিং কমিটি অনুমোদন চাওয়ায় কেন তাঁর বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না পত্র প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


২০.০৯.২০২০


(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

প্রাপক: অধ্যক্ষ
সাকোরপাড়া আকবর আলী শাহ আলিম মাদ্রাসা
খানসামা, দিনাজপুর।



২০/৯/২০২০

নং-বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-১৯৩/ ২২০৫

তারিখ: ১৩.০৯.২০২০খ্রিঃ

অনুলিপি- সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, দিনাজপুর;
২. জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর;
৩. উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর;
৪. সভাপতি/সদস্যবৃন্দ- গভার্ণিং বডি, সাকোরপাড়া আকবর আলী শাহ আলিম মাদ্রাসা, খানসামা, দিনাজপুর;
৫. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।


২০/৯/২০২০

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪


২০/৯/২০২০